গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
মেহেরপুর সদর, মেহেরপুর।
fisheries.meherpursadar.meherpur.gov.bd

পত্র নং-৩৩.০২.৫৭৮৭.৫০১.৩৪.০০৪.২১- ৬৫

তারিখঃ ২২বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ।
০৫ মে, ২০২১ খ্রি.।

## নোটিশ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর আওতায় উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভা আগামী ১৬/০৫/২০২১ খ্রি.তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

(মোঃ রবিউল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মেহেরপুর সদর, মেহেরপুর।
ফোনঃ +৮৮০৭৯১৬২৬৪৩
ইমেইলঃ sufomeherpur@fisheries.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো:

০১. জেলা মৎস্য কর্মকর্তা, মেহেরপুর।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৪. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মেহেরপুর সদর।
০৫. উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর।
০৬. চেয়ারম্যান, বুড়িপোতা ইউনিয়ন পরিষদ।
০৭. ইউডিএফ, মেহেরপুর সদর, মেহেরপুর (পর্যবেক্ষণ সদস্য)
০৮. অফিস কপি।

যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর আওতায় উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির কমিটির সম্মানিত সদস্যগণের হাজিরা।

সভাপতি : জনাব মোঃ মোমিনুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,মেহেরপুর সদর ,মেহেরপুর।
সভার তারিখ : ১৭/০৫/২০২১ খ্রিঃ, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ ,মেহেরপুর সদর ,মেহেরপুর এর অফিস কক্ষ।

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মোঃ শাহ জামান চেয়ারম্যান বুড়িপোতা ইউ.পি. | |
| ০২. | মোঃ রবিউল ইসলাম UFO | ১৭/০৫/২০২১ |
| ০৩. | মোঃ সাইদুর রহমান DLO, মেহেরপুর | |
| ০৪ | মোঃ নুরুল ইসলাম ইউপিচেয়ার/[illegible] | |
| | | |
| | | |
| | | |
| | | |

# উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভার কার্যবিবরণী:

…তি : জনাব মোহাঃ মোমিনুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
সভার তারিখ : ১৬/০৫/২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষিদ, মেহেরপুর সদর, মেহেরপুর এর অফিস কক্ষ।
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট- ক

উপস্থিতি সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর আলোচনার সুত্রপাত করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **মৎস্য বিভাগঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, পরিবেশবান্ধব লাগসই প্রযুক্তি চাষিদের মাঝে হস্তান্তরের নিমিত্ত নিয়মিত মৎস্যচাষিদের পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, অফিসে আগত চাষিদের পরামর্শ প্রদান, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন,ঋণ প্রদানে সহযোগীতা ও মৎস্যচাষ প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। মার্চ/২১ মাসে ২৪ জন মৎস্যচাষীর/মৎস্যজীবি ও উদ্দোক্তাকে পরামর্শ প্রদান। ১৮ জন মৎস্যচাষীর/মৎস্যজীবি ও উদ্দোক্তাকে প্রশিক্ষণ প্রদান। ০১ জন মৎস্যচাষীকে রোগ প্রতিরোধে ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান, মৎস্য পরামর্শ দিবসে ০৩ জন মৎস্যজীবিকে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে জাটকা সংরক্ষণ কার্যক্রম, কারেন্ট জাল নিধন ও ফরমালিন ব্যবহার নিয়ন্ত্রণ উপর ০৩ টি অভিযান পরিচালনা করা হয়েছে এবং এপ্রিল/২০২১ মাসে ২৫ জন মৎস্যচাষীর/মৎস্যজীবি ও উদ্দোক্তাকে পরামর্শ প্রদান। ০১ জন মৎস্যচাষীকে রোগ প্রতিরোধে ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান, মৎস্য পরামর্শ দিবসে ০৩ জন মৎস্যজীবিকে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে জাটকা সংরক্ষণ কার্যক্রম, কারেন্ট জাল নিধন ও ফরমালিন ব্যবহার নিয়ন্ত্রণ উপর ০৩ টি অভিযান পরিচালনা করা হয়েছে। তিনি আরো জানান যে, দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও দশীয় স্ছ সংরক্ষণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সদস্য সচিব আরো জানান যে, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে চলতি ২০২০-২০২১ অর্থ বছরে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনী কার্যক্রম অনতিবিলম্বে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সভাপতি মহোদয় জানান যে, মৎস্য সংরক্ষণ অভিযান ও দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনী কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। এবং দেশীয় প্রজাতির ছোট মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য বিভাগকে আরোও বিভিন্ন কার্যক্রম গ্রহন করতে অনুরোধ জানান। | ক) পরিবেশবান্ধব লাগসই প্রযুক্তি চাষিদের মাঝে হস্তান্তরের নিমিত্ত নিয়মিত মৎস্যচাষিদের পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, অফিসে আগত চাষিদের পরামর্শ প্রদান, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন,ঋণ প্রদানে সহযোগীতা ও মৎস্যচাষ প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও দেশীয় প্রজাতির ছোট মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য আইন বাস্তবায়ন সহ বিভিন্ন কার্যক্রম গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর। |
| ০২. | **প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর সভায় জানান যে, মার্চ/২০২১ খ্রি. মাঁসে গবাদি পশুকে ৭,৪২১ মাত্রা ও হাঁস মুরগীর ১,৫৬,৪০০ মাত্রা টিকা প্রদান করা হয়। ২,৮৯৪ টি গবাদি পশু ও ৯,৮২৫ টি হাঁস –মুরগীর চিকিৎসা প্রদান করা হয়। উন্নত জাতের বকনা/এঁড়ে তৈরী করার লক্ষ্যে ৭৭৫ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা । এছাড়া টিকাবীজ ও কৃতিম প্রজনন ফিস বাবদ ৬৪,০০৯/- টাকা রাজস্ব আদায় হয়েছে। ১৪ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে এবং এপ্রিল/২০২১ খ্রি. মাসে গবাদি পশুকে ৬,৩৬০ মাত্রা ও হাঁস মুরগীর ৮২,৬০০ মাত্রা টিকা প্রদান করা হয়। ২,৭৩৪ টি গবাদি পশু ও ৯,৮২৮ টি হাঁস –মুরগীর চিকিৎসা প্রদান করা হয়। উন্নত জাতের বকনা/এঁড়ে তৈরী করার লক্ষ্যে ৭৭০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা । এছাড়া টিকাবীজ ও কৃতিম প্রজনন ফিস বাবদ ৪৬,২৩০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। ১৪ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে।। | ক) চিকিৎসা কার্যক্রম অব্যাহত ভাবে চালিয়ে যেতে হবে। ক্ষুরারোগের ভ্যাকসিন সহ অন্যান্য ভ্যাকসিনের মূল্য বেশী না নেয়ার বিষয়ে তদারকী জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

চলমানপাতা-২

(মোহাঃ মোমিনুল ইসলাম)
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ও
ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ
মেহেরপুর সদর, মেহেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
মেহেরপুর সদর, মেহেরপুর।
fisheries.meherpursadar.meherpur.gov.bd

পত্র নং-৩৩.০২.৫৭৮৭.৫০১.৩৪.০০৪.২১-

তারিখ : ১৬ মে, ২০২১খ্রিষ্টাব্দ।
০২ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. জেলা মৎস্য কর্মকর্তা, মেহেরপুর।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৪. ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৬. উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৭. চেয়ারম্যান, বুড়িপোতা ইউনিয়ন পরিষদ।
০৮. অফিস কপি।

(মোঃ রবিউল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মেহেরপুর সদর, মেহেরপুর।
+৮৮ ০৭৯১-৬২৬৪৩
sufomeherpur@fisheries.gov.bd